



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
এম.সি. কলেজ, সিলেট।
ফোন : ৭৬০৬৩৪, ফ্যাক্স : ৭৬২১৩৪
website: www.mccollege.edu.bd
Email: m.c.college_sylhet@live.com



তারিখ : ১৮.১১.২০১৮খ্রি.

২০১৮ সালের মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) ক্লাস রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

১। আবেদনের যোগ্যতা :

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৮ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ০৩ বছর মেয়াদী স্নাতক (পাস) ও ০১ বছর মেয়াদী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
- ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৮ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২। অনলাইনে আবেদনের নিয়ম :

- ক) আবেদনের জন্য প্রার্থীগণ ১৮.১১.২০১৮ তারিখ থেকে ২৭.১১.২০১৮ তারিখ পর্যন্ত nu.ac.bd/admissions ওয়েবসাইট-এ প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। Master's Tab এ গিয়ে apply Now (Masters private) অপশন থেকে আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type : JPG এবং Maximum file size : 50KB. আবেদন দাখিলের পর প্রার্থী একটি PIN এবং রোল নম্বর পাবেন এবং আবেদনপত্র A4 সাইজ (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। অনলাইন আবেদনে কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- খ) অনলাইন আবেদনের কপি কালার প্রিন্টার দ্বারা প্রিন্ট আউট নিয়ে তার দুটি অংশেই প্রার্থী স্বাক্ষর দিবেন।
- গ) আবেদন এবং রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ফি শিওরক্যাশ মাধ্যমে জমা দিয়ে ট্রানজেকশন নম্বর সংগ্রহ করতে হবে।

ঘ) শিওরক্যাশ এ টাকা জমাদানের Payment Key Word: mccmo

- ঙ) আবেদন ফরমের উপর ও নিচ উভয় অংশে মোবাইল নম্বর, শিওরক্যাশ এর মাধ্যমে প্রেরিত ফি এর ট্রানজেকশন নম্বর ও পিন নম্বর লিখে কমিটির নিকট জমা দিয়ে প্রার্থীর ফরমের নিজের অংশ সংগ্রহ করতে হবে।

৩। আবেদন ফরম কলেজে জমাদানের সময়সূচী :

- ক) নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রিন্ট আউটকৃত আবেদন ফর ২২.১১.২০১৮ তারিখ থেকে ২৭.১১.২০১৮ তারিখ পর্যন্ত (শুক্রবার ও অন্যান্য সরকারী ছুটির দিন ব্যতিত) প্রতি কার্যদিবসে বেলা ১০.৩০ টা থেকে ১.০০ টা পর্যন্ত কলেজে [তথ্য ও অনুসন্ধান কেন্দ্র] কমিটির নিকট জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করতে হবে।
- খ) আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ ২৭.১১.২০১৮, তবে অনলাইনের কাজ নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য এই তারিখের পূর্বেই আবেদন জমা দেওয়ার জন্য পরামর্শ দেওয়া গেল।

৪। রেজিস্ট্রেশনের জন্য বিষয় নির্বাচন :

- ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলাম শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে আবেদন করা যাবে।

- খ) আসন সংখ্যাঃ প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ জন শিক্ষার্থী আবেদন করতে পারবে।

৫। আবেদন ও রেজিস্ট্রেশনের ধার্যকৃত ফি: ব্যবস্থাপনা ফিসহ ১,১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা।

৬। রেজিস্ট্রেশনের শর্তাবলী :

- ক) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/ কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না।
- খ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে চলতি শিক্ষাবর্ষের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।
- গ) আবেদনকারী প্রার্থীকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।
- ঘ) কোন প্রার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয়ে/ প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।
- ঙ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ০৩ (তিন) শিক্ষাবর্ষ।

৭। প্রয়োজনীয় কাগজপত্র: অনলাইন আবেদনের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের ০১ (এক) সেট জমা দিতে হবে।

- ক) এস এসসি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- খ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- গ) সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
- ঘ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষা রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- ঙ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।
- চ) কারাবন্দি প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র।

বিঃদ্র: প্রয়োজনীয় কাগজপত্রের ঘাটতি থাকলে লাইনে না দাঁড়িয়ে কাগজপত্র সংগ্রহপূর্বক লাইনে দাঁড়ানোর পরামর্শ দেয়া গেল।

অধ্যক্ষ
এম.সি.কলেজ, সিলেট